গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd

জরুরি
অতি গোপনীয়

নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮
১৩ জুন ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: **উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০২২ এর পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে অ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা**

কোভিড ১৯ অতিমারির কারণে ১৮/০৩/২০২০ খ্রি. তারিখ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় ২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীরা নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী স্বাভাবিক শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেনি এবং তাদের মূল্যায়নও করা যায়নি । শিক্ষা মন্ত্রণালয় এর বিকল্প হিসেবে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। এরই অংশ হিসেবে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২২ সালের এইচএসসি পরীক্ষার জন্য শিক্ষাক্রম ও পাঠ্যসূচিকে পুনর্বিন্যাস করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য এনসিটিবি কর্তৃক বিষয় ভিত্তিক মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)সহ অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে।

অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে তাদের অর্জিত শিখনফল নির্ণয় করা হবে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সপ্তাহ ভিত্তিক শিক্ষার্থী মূল্যায়ন বিবেচনায় নিয়ে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করা হয়েছে। সপ্তাহ শুরুর পূর্বে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজগুলো আপলোড করা হবে এবং সপ্তাহ শেষে শিক্ষার্থীরা তাদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ শেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিয়ে (সরাসরি/অনলাইনে) নতুন অ্যাসাইনমেন্ট গ্রহণ করবে।

**আঞ্চলিক পরিচালক/উপপরিচালক(কলেজ)/সহকারী পরিচালক(কলেজ) এর জন্য নির্দেশনা:**

১. প্রতিটি প্রতিষ্ঠান সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করছেন কিনা তা নিশ্চিত করতে হবে; লকডাউন চলমান থাকলে অ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমার ক্ষেত্রে সে আলোকে ব্যবস্থা নেয়ার পরামর্শ দিতে হবে;
২. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে শিক্ষার্থী মূল্যায়নের যথার্থতা ও নির্ভরযোগ্যতা নিশ্চিত করতে হবে;
৩. মূল্যায়ন শেষে শিক্ষার্থীদের সাফল্য ও দুর্বলতা চিহ্নিত করে শিক্ষকগণ সুনির্দিষ্ট মন্তব্য করেছেন কিনা তা পরিবীক্ষণ করতে হবে; প্রয়োজনে শিক্ষক কর্তৃক মূল্যায়নের ব্যাখ্যা গ্রহণ করতে হবে।
৪. প্রতিটি প্রতিষ্ঠান মূল্যায়ন রেকর্ড নিম্নের ছক (excel format) অনুযায়ী সংরক্ষণ করছে কিনা তা পরিবীক্ষণ করতে হবে;

শিক্ষা প্রতিষ্ঠানের নাম, EIIN ও ঠিকানা

গ্রুপ, শ্রেণি শাখা ও বিষয়

| ক্রমিক নং | রোল নং | শিক্ষার্থীর নাম | অ্যাসাইনমেন্টের শিরোনাম ও নং | গ্রহণের তারিখ | জমার তারিখ | প্রাপ্ত স্কোর (রুব্রিক্স অনুযায়ী) | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ৪ | ৩ | ২ | ১ | নম্বর | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |

৫. এ কার্যক্রমে শিক্ষার্থী যেন কোন অনৈতিক চাপের মুখোমুখি না হয় তা লক্ষ্য রাখতে হবে; এক্ষেত্রে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে দ্রুততার সাথে তদন্তপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. এ সংক্রান্ত কোনো স্পষ্টীকরণ প্রয়োজন হলে সহযোগিতা করতে হবে;

৭. ১৪/০৬/২০২১ তারিখ থেকে পর্যায়ক্রমে সপ্তাহ ভিত্তিক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত অ্যাসাইনমেন্ট বানির্ধারিত কাজ ছাড়া শিক্ষার্থীদের আর কোন ধরনের পরীক্ষা গ্রহণ বা বাড়ির কাজ যেন দেওয়া না হয় তা নিশ্চিত করতে হবে; (২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়);

৮. মূল্যায়ন বিষয়ক এ নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট পৌঁছানোর বিষয়টি নিশ্চিতকরতে হবে;

৯। কোনো শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠান থেকে দূরে অবস্থান করলে এবং তার পক্ষে সরাসরি অ্যাসাইনমেন্ট গ্রহণ/জমা দিতে সমস্যা হলে প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনাপূর্বক তাঁর পরামর্শ মোতাবেক অ্যাসাইনমেন্ট গ্রহণ/জমার বিষয়টি সমাধান করতে হবে।

**প্রতিষ্ঠান প্রধানগণের জন্য নির্দেশনা:**

১. কোভিড ১৯ বিবেচনায় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শিক্ষক, শিক্ষার্থী, ও অভিভাবকগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে কার্যক্রম পরিচালনা করতে হবে;

২. শিক্ষার্থী মূল্যায়ন কার্যক্রমে বিষয়ভিত্তিক শিক্ষকবৃন্দের অংশগ্রহণ নিশ্চিত করতেহবে;

৩. মূল্যায়ন কার্যক্রমের কার্যকারিতা ও ফলপ্রসূতা যাচাইয়ে শিক্ষার্থী প্রদত্ত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ মূল্যায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ ও মূল্যায়ন করবেন। শিক্ষক কর্তৃক মূল্যায়ন কার্যক্রম এবং নিম্নের ছক (excel format) মোতাবেক রেকর্ড সংরক্ষণ যথাযথভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে;

| শিক্ষা প্রতিষ্ঠানের নাম, EIIN ও ঠিকানা<br>গ্রুপ, শ্রেণি শাখা ও বিষয় | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | রোল নং | শিক্ষার্থীর নাম | অ্যাসাইনমেন্টের শিরোনাম ও নং | গ্রহণের তারিখ | জমার তারিখ | প্রাপ্ত স্কোর (রুব্রিক্স অনুযায়ী) | | | | | | মন্তব্য |
| | | | | | | | ৪ | ৩ | ২ | ১ | নম্বর | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |

৪. কোনো শিক্ষার্থী যেন অনৈতিক কোনো চাপের মুখোমুখি না হয় তা নিশ্চিত করতে হবে। এ বিষয়ে প্রয়োজনে আঞ্চলিক পরিচালক/উপ-পরিচালক(কলেজ)/ সহকারী পরিচালক(কলেজ) এর সাথে যোগাযোগ করা যেতে পারে;

৫. ১৪/০৬/ ২০২১ তারিখ থেকে পর্যায়ক্রমে সপ্তাহ ভিত্তিক এ্যাসাইনমেন্ট প্রদান ও জমা নেয়ার কাজ শুরু করতে হবে;

৬. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্ষেত্রে সরবরাহকৃত গ্রিড (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত) অনুসরণ করতে হবে;

৭. স্বাস্থ্যবিধি বজায় রাখার স্বার্থে প্রয়োজনে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা রাখার জন্য নির্ধারিত বক্স এর ব্যবস্থা করা যেতে পারে;

৮. স্বাস্থ্যবিধি বজায় রাখার জন্য নির্দিষ্ট দিনে ও সময়ে বিভাগ/শাখা ভিত্তিক অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ বিতরণ/ জমা/গ্রহণ করা যেতে পারে;

৯. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে নকল করে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল করে পুনরায় সেই অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দেওয়ার নির্দেশ দিতে হবে; এর পুনরাবৃত্তি ঘটলে শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যেতে পারে।

১০. ১৪/০৬/২০২১ তারিখ থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সপ্তাহ ভিত্তিক নির্ধারিত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ছাড়া শিক্ষার্থীদের আর কোন ধরনের পরীক্ষা গ্রহণ বা বাড়ির কাজ দেয়া যাবে না; (২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়)

১১. এই নির্দেশনা শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট পৌঁছানো নিশ্চিত করতে হবে;

**১২. শিক্ষক অ্যাসাইনমেন্ট মূল্যায়ন করে শিক্ষার্থীর সবল ও দুর্বল দিক চিহ্নিত করবেন এবং শুধুমাত্র দুর্বল অংশটুকু উন্নয়নের পরামর্শ দেবেন। শিক্ষার্থী শিক্ষকের পরামর্শ অনুযায়ী শুধুমাত্র দুর্বল অংশটুকু সঠিকভাবে লিখে পুনরায় জমা দিবে।**

**শিক্ষকবৃন্দের জন্য মূল্যায়ন নির্দেশনা:**

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত সপ্তাহ ভিত্তিক অ্যাসাইনমেন্ট এর গ্রিড অনুসরণ করতে হবে;

২. নির্ধারিত বিষয়সমূহের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা নেয়া, মূল্যায়ন করা, মূল্যায়নকারীর মন্তব্যসহ শিক্ষার্থীদেরকে দেখানো এবং প্রতিষ্ঠানে সংরক্ষণের কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে;

৩. এই কার্যক্রমে প্রতিটি শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;

৪. সকল মূল্যায়ন রেকর্ড নির্ধারিত ছক মোতাবেক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

৫. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের আওতায় ব্যাখ্যামূলক প্রশ্ন, নির্দেশনা অনুসরণ করে নিবন্ধ, রচনা, অনুচ্ছেদ লিখন, সাহিত্য পর্যালোচনা, কেইস স্টাডি, প্রজেক্ট, পরীক্ষণ, সারসংক্ষেপ, সারাংশ লিখন, মডেল, চার্ট, পোস্টার তৈরি, ছবি অংকন, প্রতিবেদন প্রণয়ন ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

৬. অ্যাসাইনমেন্টের মূল্যায়ন সুনির্দিষ্ট নির্দেশনা/রুব্রিক্স অনুযায়ী সম্পন্ন করতে হবে;

৭. শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সাদা কাগজে স্বহস্তে লিখে জমা দেওয়া নিশ্চিত করতে হবে;

৮. শিক্ষার্থী/অভিভাবক বা তাঁর প্রতিনিধি স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রতি সপ্তাহে একদিন শিক্ষা প্রতিষ্ঠান থেকে অ্যাসাইনমেন্ট সংগ্রহ করবেন এবং জমা দিবেন;

৯. শিক্ষার্থীর লেখায় তার মৌলিক চিন্তা, কল্পনা ও সৃজনশীলতা প্রতিফলিত হয়েছে কিনা শিক্ষক তা বিশেষভাবে লক্ষ্য করবেন;

১০. প্রদত্ত উত্তরে প্রয়োজনীয় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র, ব্যাখ্যা ইত্যাদি পাঠ্যপুস্তকের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে;

১১. প্রত্যেক শিক্ষার্থীর প্রতিটি বিষয়ের প্রতিটি অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ মূল্যায়ন করে তার সবল/দুর্বল দিকগুলো খাতায় চিহ্নিত করতে হবে এবং এমনভাবে তাঁর মন্তব্য লিপিবদ্ধ করতে হবে যাতে শিক্ষার্থী তার সবল ও দুর্বল দিকগুলো স্পষ্টভাবে বুঝতে পারে;

১২. মূল্যায়ন করার পর শিক্ষক তাঁর মতামতসহ অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ শিক্ষার্থীদের দেখানোর ব্যবস্থা করবেন এবং একটি নির্দিষ্ট সময় শেষে সেটি ফেরত এনে প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন;

১৩. শিক্ষক নিম্নের নির্দেশনা মোতাবেক একটি অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের সামগ্রিক মূল্যায়নপূর্বক অতি উত্তম, উত্তম, ভালো ও অগ্রগতি প্রয়োজন এরূপ মন্তব্য করবেন;

| | |
|---|---|
| **ক. অতি উত্তম** | ১. পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্রইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা |
| **খ. উত্তম** | ১. অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা |
| **গ. ভালো** | ১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা |
| **ঘ. অগ্রগতি প্রয়োজন** | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

**অভিভাবকগণের প্রতি পরামর্শ:**

১. শিক্ষার্থীদের সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করা;

২. শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মূল্যায়ন প্রক্রিয়া তাদের শিখন ফল অর্জন যাচাই এবং কোন্ কোন ক্ষেত্রে তাদের ঘাটতি রয়েছে তা নিরূপণ করবে। তাই শিক্ষার্থী নিজে যাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা;

৩. শিক্ষার্থীর অনুধাবন ক্ষমতা ও সৃজনশীলতা বৃদ্ধির জন্য তাদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা;

৪. শিক্ষার্থী যেন সময়মত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পন্ন করে এবং তা যেন নির্ধারিত সময়ে জমা দেয় তা নিশ্চিত করা;

৫. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে হুবহু লিখে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হবে তাই শিক্ষার্থীদের নিজেদের মতো করে লেখার প্রতি উৎসাহিত করা।

**শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:**

১. শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণি/উচ্চ শিক্ষার ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে। তাই জরুরি বিবেচনায় সকল নির্দেশনা অনুসরণ করতে হবে;

২. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত/অনুমোদিত/প্রকাশিত নির্ধারিত শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে;

৩. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করে জমা দিতে হবে;

৪. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নিজের হাতে লিখতে হবে।

৫. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ লেখার ক্ষেত্রে সাদা কাগজ ব্যবহার করতে হবে। এ্যাসাইনমেন্টের ১ম পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, আইডি, বিষয় ও এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে।

৬. কোনো শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠান থেকে দূরে অবস্থান করলে এবং তার পক্ষে সরাসরি অ্যাসাইনমেন্ট গ্রহণ/জমা দিতে সমস্যা হলে প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনাপূর্বক তাঁর পরামর্শ মোতাবেক অ্যাসাইনমেন্ট গ্রহণ/জমার বিষয়টি সমাধান করতে হবে।

উল্লেখ্য কোভিড ১৯ অতিমারির কারণে দেশের যে সব এলাকায় লকডাউন চলছে ঐ সব এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের সাথে স্ব-স্ব আঞ্চলিক পরিচালক যোগাযোগ পূর্বক স্বাস্থ্যবিধি যথাযথ ভাবে পালন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কোনোক্রমেই সরকার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য

বিধির নির্দেশনা উপেক্ষা করা যাবে না।

এতদ্‌সঙ্গে অ্যাসাইনমেন্ট গ্রিড অনুসারে ১ম সপ্তাহের জন্য বাংলা, পদার্থবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, যুক্তিবিদ্যা এবং হিসাববিজ্ঞান এর নির্ধারিত কাজ প্রেরণ করা হলো। গ্রিড অনুসারে পর্যায়ক্রমে অন্যান্য বিষয়সমূহের নির্ধারিত কাজ সাপ্তাহিক ভিত্তিতে প্রেরণ করা হবে।

অ্যাসাইনমেন্ট কার্যক্রমের সার্বিক বিষয়টি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা কর্তৃক পরিবীক্ষণ করা হবে।

**গ্রিড ও অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ধারাবাহিকভাবে প্রতি সপ্তাহে মাউশি'র ওয়েবসাইট প্রকাশ এবং আঞ্চলিক পরিচালকের ই-মেইলে প্রেরণ করা হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।**

১৩-৬-২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।